



রেজিস্ট্রার দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং ০১(৭৭১)জাতীয়বিঃ/প্রশাঃ/বিবিধ/২০০৪/১/

তারিখ :

অফিস আদেশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ডাটা এন্ট্রি অপারেটর পদের বিপরীতে বিদ্যমান ১৬তম গ্রেড এর পরিবর্তে ১৩তম গ্রেডে প্রবর্তন করার জন্য "জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান সার্ভিস রুলস-এর সংবিধি পরিমার্জন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন ও পুনঃমূল্যায়নপূর্বক সংশোধন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন কমিটি"র সুপারিশ ২৩/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ১৯১তম সভায় উপস্থাপিত হলে তা অনুমোদনের লক্ষ্যে সিনেট সমীপে পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক বিষয়টি ৩০/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত ২০তম সিনেট অধিবেশনে উপস্থাপিত হয় এবং তা অনুমোদিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ডাটা এন্ট্রি অপারেটরদের পদোন্নতি বিষয়ক প্রজ্ঞাপন এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানে ডাটা এন্ট্রি অপারেটর পদে ১৩তম বেতন গ্রেডে নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে এবং ৩১/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত অর্থ কমিটির ১৪৮তম সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাটা এন্ট্রি অপারেটর পদের বিপরীতে বিদ্যমান ১৬তম বেতন গ্রেড এর পরিবর্তে ১৩তম বেতন গ্রেড কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিষয়টি সিন্ডিকেট সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হলে তা ১৭/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ২২৪তম সভায় অনুমোদিত হয়।

এমতাবস্থায় ডাটা এন্ট্রি অপারেটর পদের বিপরীতে বিদ্যমান ১৬তম বেতন গ্রেড এর পরিবর্তে ১৩তম বেতন গ্রেড কার্যকর করার সুপারিশ ১৭/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ২২৪তম সভায় অনুমোদিত হওয়ায় অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত ডাটা এন্ট্রি অপারেটর পদে কর্মরত কর্মচারীদের ১৬তম বেতন গ্রেড এর পরিবর্তে ১৩তম বেতন (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) গ্রেড প্রদান করা হলো।

এ আদেশ সিন্ডিকেট সভার তারিখ ১৭-০২-২০২২ হতে কার্যকর বলে গণ্য হবে।

সিন্ডিকেট সভার সিদ্ধান্তক্রমে

স্বাঃ

(মোস্তা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়

তারিখ : ২৬.০৩.২২

স্মারক নং ০১(৭৭১)জাতীয়বিঃ/প্রশাঃ/বিবিধ/২০০৪/১/ ২৯৩৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১. সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. সকল দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, সিলেট/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে অনুলিপি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, আইন বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. পরিচালক, মানব সম্পদ উন্নয়ন ও শুদ্ধাচার দপ্তর ও প্রশাসন (পরিষদ), জাতীয় বিশ্ববিদ্যালয় (সিন্ডিকেট সভায় রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো)
৮. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, সকল প্রো-ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

১২. জনাব.....

১৩. অফিস কপি/ব্যক্তিগত নথি।

ইয়াছমীন জেনিফার
(ইয়াছমীন জেনিফার)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)